শান্তিচুক্তির একমাস পরই ফের ঢাকা–আইডিয়াল কলেজে সংঘর্ষ



সংগৃহীত ছবি

শান্তিচুক্তির পরও থামেনি উত্তেজনা। ঢাকার নিউমার্কেট–গ্রীন রোড এলাকায় ঢাকা কলেজ ও আইডিয়াল কলেজের শিক্ষার্থীদের মধ্যে ফের সংঘর্ষে আহত হয়েছেন উভয় পক্ষের শিক্ষার্থীসহ পুলিশ সদস্যরাও। আইডিয়াল কলেজের অভিযোগ—বিনা কারণেই তাদের ওপর হামলা হয়েছে। এলাকাজুড়ে তীব্র উত্তেজনা, বিচারের দাবিতে সড়ক না ছাড়ার ঘোষণা শিক্ষার্থীদের।

শিক্ষার্থীদের মধ্যে ‘ভ্রাতৃত্ববোধ’ ও শান্তির পরিবেশ ফিরিয়ে আনতে মাত্র এক মাস আগে যে শান্তিচুক্তি হয়েছিল, তার কার্যকারিতা আর টেকেনি। মঙ্গলবার দুপুরে ঢাকা কলেজ ও আইডিয়াল কলেজের শিক্ষার্থীদের মধ্যে আবারও সংঘর্ষ বাধে। আইডিয়াল কলেজের শিক্ষার্থীরা অভিযোগ করেন, কোনো উসকানি ছাড়া তাদের ওপর হামলা চালানো হয়েছে। এর আগেও একাধিকবার ঢাকা কলেজের শিক্ষার্থীরা এমন হামলা করেছে বলেও দাবি তাদের।

সংঘর্ষ থামাতে এগিয়ে যায় পুলিশ; পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টায় আহত হন পুলিশের ৭–৮ সদস্য। তবে এখন পর্যন্ত সংঘর্ষের সুনির্দিষ্ট কারণ জানাতে পারেনি আইনশৃঙ্খলা বাহিনী। ঘটনার পর নিউমার্কেট ও গ্রীন রোড এলাকায় তীব্র যানজট ও আতঙ্ক ছড়িয়ে পড়ে। সাধারণ মানুষ যাতায়াতে দুর্ভোগে পড়েন।

স্থানীয়রা জানান, সায়েন্স ল্যাব–নিউমার্কেট এলাকায় ঢাকা কলেজ, আইডিয়াল কলেজ ও ঢাকা সিটি কলেজের শিক্ষার্থীদের মধ্যে প্রায়ই সংঘর্ষ ঘটে থাকে। এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি থামাতে দীর্ঘমেয়াদি সমাধান জরুরি বলে মনে করছেন অভিভাবক ও সচেতন নাগরিকরা। অন্যদিকে আইডিয়াল কলেজের শিক্ষার্থীদের হুঁশিয়ারি—দোষীদের বিচার না হওয়া পর্যন্ত তারা রাজপথ ছাড়বেন না।